



স্মারক নং ১২.০১.০১০.২৭০০.০০১.০৪.০০০৪.২৬. ৭২৪

তারিখ : ০৯ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

অফিস আদেশ

যেহেতু, জনাব তপন কুমার বর্মন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, বোদা, পঞ্চগড় ০১/১০/২০২৪ খ্রি. হতে ২৯/১১/২০২৪ খ্রি. পর্যন্ত ৬০ (ষাট) দিনের অর্জিত ছুটি গ্রহণ পূর্বক ছুটি ভোগ শেষে কর্তৃপক্ষের সহিত কোন রূপ যোগাযোগ ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন। অনুপস্থিতির কারণে একাধিকবার কাজে যোগদানের নির্দেশনাসহ অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করতে বলা হয়। কিন্তু আপনি কোনরূপ জবাব প্রদান কিংবা কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করেন নাই। পরবর্তীতে অনুপস্থিতির জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় দপ্তর স্মারক নং ৮৫২ তারিখ: ১৮/০৮/২০২৫ খ্রি. মোতাবেক তদন্ত কমিটি নিয়োগ করেন এবং তদন্ত কমিটি ২৮/০৮/২০২৫ খ্রি. সরেজমিনে তদন্ত পূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) অসদাচরণ ও (গ) পলায়ন এর অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমানিত হয় এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় দপ্তর স্মারক নং ১২.১৭.৭৭০০.০৩৯.১৯.০০১.২৫.২১ তারিখ: ০৫/০১/২০২৬ খ্রি. মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রদান করেন। তৎপক্ষে অত্র দপ্তরের স্মারক নং ১২.০১.০১০.২৭০০.০০১.০৪.০০০৪.২৬.১২৩ তারিখ: ২৮/০২/২০২৬ খ্রি. মোতাবেক আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা আনয়ন ও অভিযোগ বিবরণীসহ জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আপনি উক্ত অভিযোগ নামার প্রেক্ষিতে কোনরূপ জবাব প্রদান কিংবা কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেন নাই। পুনরায় বিষয়টি সরেজমিনে তদন্তের নিমিত্ত অত্র দপ্তর স্মারক নং ১২.০১.০১০.২৭০০.০০১.০৪.০০০৪.২৬.৩২৫ তারিখ: ০৮/০৪/২০২৬ খ্রি. মোতাবেক তদন্ত কমিটি নিয়োগ করা হয়।

যেহেতু, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় ও আহবায়ক, তদন্ত কমিটি স্মারক নং ১২.১৭.৭৭০০.০৩৯.১৯.০০১.২৫.৩৯৯ তারিখ: ০৪/০৫/২০২৬ খ্রি. মোতাবেক তদন্ত কমিটি যথাসময়ে সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করেন। তদন্তে আপনি জনাব তপন কুমার বর্মন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক উপস্থিত হন নাই এমনকি আপনার পরিবারের অর্থাৎ বাবা, স্ত্রী ও বোনকে উপস্থিত থাকার জন্য একাধিকবার মোবাইল ফোনে বা বাহক মারফত বলা হলেও তাহারা তদন্ত কার্যক্রমে উপস্থিত হন নাই মর্মে তদন্ত কমিটি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) অসদাচরণ ও (গ) পলায়ন এর দায়ে অভিযুক্ত করে গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, গত ২৯ জুলাই, ২০২৬ খ্রি. তারিখের ১২.০১.০১০.২৭০০.০০১.০৪.০০০৪.২৬.৭৫১ নং স্মারক মূলে ২য় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর লিখিত ভাবে অনুপস্থিতির কারণ জানানোর জন্য নির্দেশ দেওয়া হয়। কিন্তু আপনি কোনরূপ জবাব প্রদান কিংবা কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেন নাই।

যেহেতু, জনাব তপন কুমার বর্মন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, বোদা, পঞ্চগড় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) অসদাচরণ(Misconduct) ও (গ) পলায়ন (desertion) এর অভিযোগ প্রমানিত হওয়ায় “চাকরি হতে বরখাস্ত (dismissal from service)” করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি (৩) (ঘ) অনুযায়ী জনাব তপন কুমার বর্মন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, বোদা, পঞ্চগড়কে “চাকরি হতে বরখাস্ত (dismissal from service)” করা হলো।

বর্নিত কর্মচারীর বিরুদ্ধে রুজুকৃত মামলা নং ০১/২০২৬ নিষ্পত্তি করা হলো। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

তপন কুমার বর্মন

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, বোদা, পঞ্চগড়।

স্থায়ী ঠিকানা :

তপন কুমার বর্মন, পিতা : দীনেশ চন্দ্র বর্মন, গ্রাম ও ডাকঘর:

খলিশাপুরী, থানা: ভুল্লি, উপজেলা: ঠাকুরগাঁও সদর, জেলা: ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- দৃষ্টি আকর্ষণ : উপপরিচালক (লিগাল ও সাপোর্ট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২-৩। পরিচালক, সরেজমিন/ প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ০৪। উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। পত্রখানা ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড়।
- ০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়।
- ০৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বোদা, পঞ্চগড়।
- ০৮। অফিস নথি।

২৪/০৯/২০২৬

মোঃ রিয়াজ উদ্দিন

অতিরিক্ত পরিচালক

ফোন নং-০২৫৮৮৮১৭৮১৫

Email: adedaedin@gmail.com

২৪/০৯/২০২৬